

ডাকসু নির্বাচন

# ১৮টি হলের ফলাফল ঘোষণা: সাদিক কায়েম ১৪,৮১০ ভোট, আবিদুল ইসলাম ৫,৯৯৯

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৭:৩৩, ১০ সেপ্টেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জয়ের পথে রয়েছেন ইসলামী ছাত্রশিবির সমর্থিত ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের প্রার্থীরা।

এ পর্যন্ত প্রাপ্ত ১৮টি হলের ফলাফলে ডাকসুর ভিপি পদে বিশাল ব্যবধানে বিজয়ী হতে যাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আলোচিত জুলাই যোদ্ধা সাদিক কায়েম। তিনি পেয়েছেন ১৪ হাজার ৮১০ ভোট।

তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রদলের আবিদুল ইসলাম খান পেয়েছেন মাত্র ৫ হাজার ৯৯৯ ভোট।

উল্লেখ্য, এবার ডাকসুতে ২৮টি পদের বিপরীতে প্রার্থী হয়েছেন ৪৭১ জন। আর ১৮টি হল সংসদে নির্বাচন হয়েছে ১৩টি করে পদে। হল সংসদের ২৩৪টি পদের বিপরীতে প্রার্থী হয়েছেন ১ হাজার ৩৫ জন। অর্থাৎ সব মিলিয়ে এবার ভোটারদের ৪১টি ভোট দিতে হয়েছে। এবারের নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল প্রায় ৪০ হাজার।

---

রাফিক